



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/11/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল কাউন্সিল 82 এর নিরাপত্তা সুপারভাইজার ইউনিটের সাথে 3 বছরের শ্রম চুক্তির অনুমোদন ঘোষণা করলেন

সুপারভাইজারি নিরাপত্তা সদস্যদের সাথে চুক্তি আনুমানিক 500 নিউ ইয়র্ক স্টেট কর্মচারীকে আওতাধীন করে

চুক্তিতে রয়েছে বার্ষিক বেতন বৃদ্ধি, অবস্থান পারিশ্রমিক বৃদ্ধি, 12 সপ্তাহ পর্যন্ত সবেতন প্যারেন্টাল ছুটি, এবং স্বাস্থ্য ভাতায় পরিবর্তন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট ল এনফোর্সমেন্ট অফিসার্স ইউনিয়ন (New York State Law Enforcement Officers Union), AFSCME, কাউন্সিল 82 (Council 82), AFL-CIO এর নিরাপত্তা সুপারভাইজার ইউনিটের (Security Supervisors Unit) সাথে একটি তিন বছরের শ্রম চুক্তি অনুমোদিত হয়েছে, যেখানে কারেকশন লেফটেন্যান্ট, প্রধান নিরাপত্তা অফিসার, প্রধান সুরক্ষা এবং নিরাপত্তা অফিসার, এবং নিরাপত্তা হাসপাতাল সুপারভাইজিং চিকিৎসা সহকারীর মতো পদসমূহে আনুমানিক 500 সুপারভাইজারি নিরাপত্তা কর্মী অন্তর্ভুক্ত থাকবে। 31 মার্চ, 2026 পর্যন্ত চলমান চুক্তিটি ভোট প্রদান করা নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল 82 সদস্যদের থেকে 89 শতাংশ অনুমোদন পেয়ে বিজয়ী হয়েছে।

"আমাদের সাহসী নিরাপত্তা কর্মীরা যাতে নিউ ইয়র্ক স্টেটের জন্য তাদের অপরিমেয় অবদানের জন্য ন্যায্য ক্ষতিপূরণ পেতে পারে তা এই শ্রম চুক্তির মাধ্যমে আমরা নিশ্চিত করতে সাহায্য করছি," **গভর্নর হোকল বলেন।** "পুরো আলাপ আলোচনার সময় কাউন্সিল 82 এর নেতৃবৃন্দের নেতৃত্বের জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে এর সদস্যদের পেশাদারিত্ব ও নিবেদনের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

কাউন্সিল 82 প্রেসিডেন্ট রোনাল্ড জে ওয়ালশ জুনিয়র বলেন, "এটি একটি উত্তম এবং দায়িত্বশীল চুক্তি। বাগেইনিং এই ইউনিটের নারী পুরুষের প্রতি এবং তাদের কঠিন ও বিপজ্জনক চাকরির প্রতি গভর্নর হোকল এবং এমপ্লয়িজ রিলেশন্স অফিসে তার দলের অব্যাহত সমর্থন, প্রতিশ্রুতি, এবং সম্মানের জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ। এছাড়াও আমরা AFSCME প্রেসিডেন্ট লী সন্ডার্স, তার দল, এবং কাউন্সিল 82 এর প্রতিনিধিদের প্রতি কৃতজ্ঞ যারা আরো উত্তম বেতন ও ভাতা, ভালো স্বাস্থ্যসেবা, এবং নিরাপদ কর্মক্ষেত্রের জন্য তাদের লড়াই কখনো বন্ধ করেনি।"

এই অনুমোদিত চুক্তিতে চুক্তির প্রত্যেক বছরে সম্প্রতি সমঝোতা সম্পন্ন হওয়া অন্যান্য চুক্তির সাথে সঙ্গতি রক্ষা করে পারিশ্রমিক বৃদ্ধির বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সেইসাথে, এই চুক্তিতে পারিশ্রমিকের অন্যান্য বৃদ্ধি যেমন একটি এককালীন বোনাস এবং 12 সপ্তাহ পর্যন্ত সম্পূর্ণ বেতন সহ সন্তান লালন-পালনের জন্য ছুটি অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও চুক্তিতে স্বাস্থ্য বীমা কর্মসূচির পরিবর্তন রয়েছে যা নেটওয়ার্কের অন্তর্ভুক্ত চাকরিজীবীদের স্বাস্থ্য বীমার ব্যয়ের সদ্যবহার ও নিয়ন্ত্রণে সাহায্য করতে উৎসাহিত করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)